

সভরণে গোল্ড বন্ড স্কীম 2017-18 – সিরিজ II

ভারতীয় রিজার্ভ ব্যাংক কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার সাপেক্ষে **সভরণে গোল্ড বন্ডস 2017-18 – সিরিজ II** জারি করার সিদ্ধান্ত নিয়েছে। এই বন্ডের জন্য আবেদন গ্রহণ করা হবে জুলাই 10-14, 2017 তারিখ থেকে। বন্ডগুলি জারি করা হবে জুলাই 28, 2017 তারিখ থেকে। বন্ডগুলি বিক্রয় করা হবে ব্যাংকসমূহ, স্টক হোল্ডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (এস এইচ সি আই এল), চিহ্নিত পোস্ট অফিসসমূহ, এবং অনুমোদিত স্টক এক্সচেঞ্জ যেমন ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বোম্বে স্টক এক্সচেঞ্জ থেকে। বন্ডগুলির বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ:

| ক্রমিক সং. | বিষয় | বিশদ |
|------------|---------------------------------------|---|
| 1 | প্রোডাক্টের নাম | সভরণে গোল্ড বন্ড 2017-18 – সিরিজ II |
| 2 | জারি করার দপ্তর | ভারত সরকারের পক্ষে ভারতীয় রিজার্ভ ব্যাংক জারি করবে |
| 3 | যোগ্যতা | বন্ডগুলির বিক্রয় সীমাবদ্ধ থাকবে একক ব্যক্তি সহ ভারতীয় সংস্থাসমূহ, অবিভক্ত হিন্দু পরিবার, অর্ধ সংসদ সমূহ, বিশ্ববিদ্যালয় সমূহ এবং দাতব্য সংস্থাসমূহের কাছে। |
| 4 | মূল্যমান | বন্ডগুলির মান নির্ধারিত হবে 1 গ্রাম সোনার এককে এবং তার গুণিতকে |
| 5 | সময়কাল | বন্ডগুলির মেয়াদপূর্তির সময়কাল হবে 8 বছর এবং মেয়াদ পূর্বে ধারকত্ব সমর্পণ করা যাবে 5 বছর অতিক্রম করার পর শুধুমাত্র সুদ প্রদানের দিনগুলিতে |
| 6 | সর্বনিম্ন পরিমাণ | সর্বনিম্ন অনুমোদিত বিনিয়োগের পরিমাণ হবে 1 গ্রাম ওজনের সোনা |
| 7 | সর্বাধিক পরিমাণ | কোন সংস্থার সর্বাধিক বিনিয়োগের পরিমাণ প্রতি বছরে (এপ্রিল- মার্চ) 500 গ্রাম সোনার থেকে বেশী হবে না। এই মর্মে একটি নিজ-বিবৃতি নেওয়া হবে। |
| 8 | যৌথ ধারকত্ব | যৌথ ধারকত্বের ক্ষেত্রে 500 গ্রামের বিনিয়োগ সীমা শুধুমাত্র প্রথম ধারকের জন্য প্রযোজ্য |
| 9 | জারি করার সময়ের মূল্য | বন্ডগুলির মূল্য ভারতীয় মুদ্রায় নির্ধারিত হবে বিনিয়োগের আগের সপ্তাহে (সোমবার থেকে শুক্রবার) ইন্ডিয়া বুলিয়ন অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন লিমিটেড ঘোষিত 999 বিশুদ্ধতার সোনার সমাপ্তি মূল্যের গড়ের ভিত্তিতে। গোল্ড বন্ডগুলির জারি করার সময়ের মূল্য প্রতি গ্রামে নমিনাল মূল্য থেকে ₹ 50 কম হবে। |
| 10 | মূল্য প্রদানের মাধ্যম | বন্ডগুলির মূল্য প্রদান করা হবে নগদে (সর্বাধিক ₹ 20,000/- পর্যন্ত) বা ডিমান্ড ড্রাফ্ট বা চেক বা বৈদ্যুতিক ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে |
| 11 | জারি করা নথির প্রকৃতি (Issuance form) | বন্ডগুলি জারি করা হবে জি এস অ্যাক্ট, 2006-এর অধীনে ভারত সরকারের স্টক হিসাবে। এই মর্মে বিনিয়োগকারীদের একটি ধারক শংসাপত্র প্রদান করা হবে। বন্ডগুলি ডিম্যাট ফর্মাতে পরিণত করা যাবে। |
| 12 | পুন:প্রাপ্তি মূল্য | প্রাপ্তিমূল্য দেওয়া হবে ভারতীয় টাকায় যার মূল্য নির্ধারিত হবে আই বি জে এ প্রকাশিত 999 বিশুদ্ধতার সোনার গত সপ্তাহের (সোমবার থেকে শুক্রবার) সমাপ্তি মূল্যের সাধারণ গড়ের মাধ্যমে |
| 13 | বিক্রয় চ্যানেল | বন্ডগুলি বিক্রয় করা হবে ব্যাংকসমূহ, স্টক হোল্ডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (এস এইচ সি আই এল), চিহ্নিত পোস্ট অফিসসমূহ (যেমন সূচিত হবে), এবং অনুমোদিত স্টক এক্সচেঞ্জ যেমন ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বোম্বে স্টক এক্সচেঞ্জ থেকে সরাসরি বা এজেন্টের মাধ্যমে |
| 14 | সুদের হার | বিনিয়োগকারীদের পূর্তি স্বরূপ শতকরা 2% হারে সুদ প্রদান করা হবে নমিনাল মূল্যের উপর ষাণ্মাসিক ভিত্তিতে |
| 15 | সমান্তরাল জামানত | বন্ডগুলিকে ঋণের স্বপক্ষে সমান্তরাল জামানত হিসাবে ব্যবহার করা যাবে ঋণ ও মূল্য (LTV) অনুপাত নির্ধারিত হবে সাধারণ গোল্ড লোনের ক্ষেত্রে রিজার্ভ ব্যাংক দ্বারা সময়ে সময়ে স্থিরীকৃত সেই অনুপাত অনুসারে |
| 16 | আপনার গ্রাহককে জানুন নীতির নথিসমূহ | আপনার গ্রাহককে জানুন নীতি অনুপালিত হবে সেইভাবে, যেভাবে বাস্তবিক সোনা ক্রয়ের ক্ষেত্রে হয়ে থাকে। আপনার গ্রাহককে জানুন সম্বন্ধিত নথি যেমন ভোটার পরিচয় পত্র, আধার কার্ড /পি এ এন বা টি এ এন /পাসপোর্ট দরকার হবে। |
| 17 | ট্যাক্স প্রযোজ্যতা | ইনকাম ট্যাক্স অ্যাক্ট, 1961 (1961-এর 43) –এর ধারা অনুসারে গোল্ড বন্ডের সুদ করযোগ্য হবে। একক ব্যক্তির ক্ষেত্রে গোল্ড বন্ডের পুন:প্রাপ্তির রাশির উপর ক্যাপিটাল গেইন ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে। |

| | | |
|----|------------------|---|
| | | কোন একক ব্যক্তিকে বণ্ড স্থানান্তরণের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদী ক্যাপিটাল গেইন-এর উপর ইন্ডেক্সেসন সুবিধা দেওয়া হবে। |
| 18 | কারবার যোগ্যতা | আর বি আই নির্দেশিত দিনে বণ্ড জারি করার এক পক্ষ কালের মধ্যে বণ্ডগুলি শেয়ার বাজারে বেচাকেনা করা যাবে। |
| 19 | এস এল আর যোগ্যতা | বণ্ডগুলি বিধিবদ্ধ নগদ সদৃশতা অনুপাত (SLR) নির্ণয়ের জন্য গ্রাহ্য হবে। |
| 20 | (দস্তুরি) কমিশন | বণ্ডগুলি বন্টনের জন্য বিনিয়োগ গ্রহণকারী কার্যালয়ে মোট প্রাপ্ত বিনিয়োগের উপর 1% হারে কমিশন দেওয়া হবে এবং বিনিয়োগ গ্রহণকারী কার্যালয় প্রাপ্তব্য কমিশনের কমপক্ষে 50% তাদের এজেন্ট বা সাব-এজেন্টের মধ্যে বন্টন করবে যাদের মাধ্যমে এই বিনিয়োগ পাওয়া গিয়েছে। |

প্রেস প্রকাশনি : 2017-2018/58

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা